৮ ব্যক্তি ও ১ প্রতিষ্ঠানের হাতে তুলে দেওয়া হলো স্বাধীনতা পদক

বিভিন্ন ক্ষেত্রে অবদানের স্বীকৃতি হিসেবে আট ব্যক্তি ও একটি প্রতিষ্ঠানকে দেশের সর্বোচ্চ রাষ্ট্রীয় পুরস্কার স্বাধীনতা পদক দেওয়া হয়েছে। বৃহস্পতিবার (২৯ অক্টোবর) সকালে রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে স্বাধীনতা পুরস্কার প্রাপ্তদের হাতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার পক্ষে পদক তুলে দেন মুক্তিযুদ্ধমন্ত্রী আকম মোজাম্মেল হক।

এ সময় গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে অনুষ্ঠানে অংশ নেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। অনুষ্ঠান সঞ্চালনা করেন মন্ত্রিপরিষদ সচিব খন্দকার আনোয়ারুল ইসলাম।

এ বছর পুরস্কার পেয়েছেন- স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের জন্য বস্ত্র ও পাটমন্ত্রী গোলাম দাস্তগীর গাজী বীর প্রতীক, প্রয়াত কমান্ডার (অব.) আবদুর রউফ, প্রয়াত মুহম্মদ আনোয়ার পাশা ও আজিজুর রহমান।

চিকিৎসাবিদ্যায় অধ্যাপক ডা. মো. উবায়দুল কবীর চৌধুরী ও অধ্যাপক ডা. এ কে এম এ মুক্তাদির। সংস্কৃতিতে কালীপদ দাস ও ফেরদৌসী মজুমদার পুরস্কার পেয়েছেন।

এছাড়া, শিক্ষায় অবদানের স্বীকৃতি হিসেবে টাঙ্গাইলের মির্জাপুরের ভারতেশ্বরী হোমস এবার স্বাধীনতা পুরস্কার পেয়েছে।

স্বাধীনতা পদক দেশের সর্বোচ্চ রাষ্ট্রীয় বেসামরিক পুরস্কার। ২৬ মার্চ স্বাধীনতা দিবস উপলক্ষে সরকার ১৯৭৭ সাল থেকে প্রতিবছর এ পুরস্কার দিয়ে আসছে।

এর আগে করোনা ভাইরাস মহামারির কারণে গত ২৬ মার্চ স্বাধীনতা দিবসে জাতীয় স্মৃতিসৌধে শ্রদ্ধা নিবেদনসহ সব কর্মসূচি বাতিল করা হয়। একইসঙ্গে স্বাধীনতা পদক দেওয়ার কর্মসূচিটিও স্থগিত করা হয়েছিল। এখন এই পদক তুলে দেওয়া হলো।

পারটেক্স স্টার গ্রুপে চাকরির সুযোগ

বহুজাতিক শিল্প প্রতিষ্ঠান পারটেক্স স্টার গ্রুপে ‘অ্যাক্টিভেশন অ্যাডমিন অ্যাসোসিয়েট’ পদে জনবল নিয়োগ দেওয়া হবে। আগ্রহীরা আগামী ১৫ নভেম্বর পর্যন্ত আবেদন করতে পারবেন।

প্রতিষ্ঠানের নাম: পারটেক্স স্টার গ্রুপ

পদের নাম: অ্যাক্টিভেশন অ্যাডমিন অ্যাসোসিয়েট
পদসংখ্যা: ০১ জন

শিক্ষাগত যোগ্যতা: স্নাতক
অভিজ্ঞতা: ০২ বছর
বেতন: আলোচনা সাপেক্ষে

চাকরির ধরন: ফুল টাইম
প্রার্থীর ধরন: নারী
বয়স: নির্ধারিত নয়

কর্মস্থল: যেকোনো স্থান

আবেদনের ঠিকানা: আগ্রহীরা www.jagojobs.com/sales-marketing/134976 এর মাধ্যমে আবেদন করতে পারবেন।

আবেদনের শেষ সময়: ১৫ নভেম্বর ২০২০

সূত্র: জাগোজবস ডটকম

১৪ নভেম্বর পর্যন্ত বাড়লো শিক্ষা প্রতিষ্ঠানের ছুটি

বিশ্বব্যাপী ছড়িয়ে পড়া করোনাভাইরাসের কারণে শিক্ষা প্রতিষ্ঠানের চলমান ছুটি ১৪ নভেম্বর পর্যন্ত বাড়ানো হয়েছে।

বৃহস্পতিবার দুপুরে অনলাইন সংবাদ সম্মেলন এ ঘোষণা দেন শিক্ষামন্ত্রী ডাক্তার দীপু মনি।

উল্লেখ্য, করোনাভাইরাসের কারণে গত ১৭ মার্চ থেকে দেশের সকল শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ রয়েছে। বাতিল করা হয়েছে এইচএসসি ও সমমানের পরীক্ষা। নেয়া হবে না বার্ষিক পরীক্ষাও।

জীবননগরে ৪ বছরের শিশুকে যৌন হয়রানি অভিযোগে বৃদ্ধ আটক

জীবননগরে ৪ বছরের শিশুকে চকলেট দেওয়ার নাম করে যৌন হয়রানি করার অভিযোগে উঠেছে এক বৃদ্ধের বিরুদ্ধে।

এ ঘটনায় মেয়ের মা বাদি হয়ে জীবননগর থানায় একটি অভিযোগ করলে পুলিশ ওই বৃদ্ধকে রাতেই আটক করে।

গত বুধবার সকাল ৮টার সময় জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের কয়া গ্রামের স্কুল পাড়ায় এ ঘটনা ঘটেছে।

স্থানীয় সূত্রে জানা গেছে, শিশুটি বাড়ির পাশে খেলা করছিল, এ সময় একই পাড়ার বৃদ্ধ মল্লিক মিস্ত্রি (৬০) মেয়েটিকে চকলেট দেওয়ার নাম করে তার ঘরে ডেকে নিয়ে যায়। তাকে জোরপুর্বক যৌন হয়রানি করে এ সময় মেয়েটি চিৎকার করলে স্থানীয় লোকজন ছুটে এসে মেয়েটিকে উদ্ধার করে।

এক পর্যায়ে গ্রাম্য সালিশের মাধ্যমে বিষয়টি মীমাংসা করার চেস্টা

করে ব্যর্থ হলে নাবালিকা মেয়ের মা বাদি হয়ে জীবননগর থানায় একটি অভিযোগ করলে গতকাল রাতেই জীবননগর থানা পুলিশ বৃদ্ধকে আটক করে পুলিশের হেফাজতে আনেন।

সীমান্ত ইউপি সদস্য আব্দুল মোমিন বলেন, নাবালিকা মেয়েকে বৃদ্ধ যৌন হয়রানি করেছে এমন একটি অভিযোগ নিয়ে ওই মেয়ের মা এবং স্থানীয় ব্যক্তিরা আমার কাছে আসলে দুই পক্ষকে ডেকে বিষয়টি জানার চেস্টা করি। এক পর্যায়ে বিশৃঙ্খলা সৃষ্ঠি হলে জীবননগর থানা পুলিশকে বিষয়টি জানালে পুলিশ অভিযুক্ত বৃদ্ধ মল্লিককে আটক করে।

জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) সাইফুল ইসলাম বলেন, শিশু মেয়েকে যৌন হয়রানি করেছে এমন অভিযোগের ভিত্তিতে এক বৃদ্ধকে আটক করে পুলিশ হেফাজতে রাখা হয়েছে । এদিকে বৃদ্ধও এহেন কাণ্ড দেখে এলাকার সাধারণ মানুষ হতবাক হয়ে পড়েছে।

চুয়াডাঙ্গায় নাতনীকে ধর্ষণের অভিযোগে দাদা আটক

চুয়াডাঙ্গার দর্শনা থানার বেগমপুরের নওদা হরিশপুর গ্রাম থেকে সাত বছরের নাতনীকে (ছেলের মেয়ে) ধর্ষণের অভিযোগে দাদা মোনতাজ আলীকে
(৫৫) আটক করেছে পুলিশ। বুধবার রাতে তাকে আটক করা হয়। এর আগে সন্ধ্যায় শিশুটির মা দর্শনা থানায় তার শিশুকন্যাকে ধর্ষণের অভিযোগ করে।

দর্শনা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি-তদন্ত) শেখ মাহবুবুর রহমান জানান, মঙ্গলবার বিকালে শিশুটিকে একা পেয়ে দাদা মোনতাজ আলী তাকে ধর্ষণ করে এবং বিষয়টি কাউকে না জানানোর জন্য বলে দেয়। পরে শিশুটি রাতে মায়ের কাছে ধর্ষণে ঘটনা জানায়। বুধবার শিশুটির মা থানায় এসে শ্বশুরের বিরুদ্ধে ধর্ষণের অভিযোগ দায়ের করেন। এরপরই অভিযান চালিয়ে মোনতাজ আলীকে আটক করা হয়।

ওসি (তদন্ত) আরো জানান, বৃহস্পতিবার আটক মোনতাজ আলীকে আদালতে সোপর্দ করা হবে। এছাড়া ভিকটিম শিশুটির ডাক্তারী পরীক্ষাসহ

আইনানুগ সকল পদক্ষেপ নেয়া হবে।

হরিণাকুণ্ডুতে জাতীয় বিজ্ঞান অলিম্পিয়াড প্রতিযোগিতা অনুষ্ঠিত

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পর্যায়ে ৫ম জাতীয় অলিম্পিয়াড প্রতিযোগীতা-২০২০ অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকালে শিশুকলি মডেল মাধ্যমিক বিদ্যালয়ে এ প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগীতায় জীব বিজ্ঞান, পদার্থ বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান, গনিত ও আইসিটি বিষয়ের উপর প্রতি বিষয় ২০ নম্বর করে মোট ১০০ নম্বরের পরীক্ষায় সিনিয়র পর্যায়ে সরকারী লালনশাহ্ কলেজ, সালেহা বেগম মহিলা ডিগ্রি কলেজ, জোড়াদাহ কলেজ,

মানদিয়া আইডিয়াল কলেজ, হাজী আরশাদ আলী ডিগ্রি কলেজ এবং জুনিয়ার পর্যায়ে শিশুকলি মডেল মাধ্যমিক বিদ্যালয়, সরকারী বালিকা বিদ্যালয়, প্রিয়নাথ মাধ্যমিক বিদ্যালয় ও কলেজ, পাইলট মাধ্যমিক বিদ্যালয় এন্ড কলেজ, আন্দুলীয়া মাধ্যমিক বিদ্যালয় ও জোড়াদাহ মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা অংশ গ্রহণ করে।

উপজেলা নির্বাহী অফিসার সৈয়দা নাফিস সুলতানা প্রতিযোগীতার সময় কক্ষ পরিদর্শন করেন এবং প্রতিযোগীতা শেষে পরীক্ষার খাতা মূল্যায়ন ও মনিটরিং করেন।

এ সময় উপস্থিত ছিলেন মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ফজলুল হক, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জামাল হোসেন, সমাজ সেবা কর্মকর্তা মোহাম্মদ হোসেন খান, যুবউন্নয়ন কর্মকর্তা বিল্লাল হোসেন, জনস্বাস্থ্য প্রকৌশলের সহকারী প্রকৌশলী আল আমীন প্রমুখ।

কালীগঞ্জে ৫৫ জন মেয়েকে দেওয়া হল শিক্ষা বৃত্তি

ঝিনাইদহের কালীগঞ্জে ৫৫ জন মেয়েকে মাসিক শিক্ষা বৃত্তি দিলো জাপান ভিত্তিক সে¦চ্ছাসেবী সংস্থা হাঙ্গার ফ্রি ওয়ার্ল্ড। বুধবার বিকালে বৃত্তির টাকা বিতরণ করা হয়। সুনিকেতন পাঠশালা সেমিনার কক্ষে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন হাঙ্গার ফ্রি ওয়ার্ল্ডের এরিয়ার কো-অর্ডিনেটর (ভারপ্রাপ্ত) ও দৈনিক মানবকণ্ঠের সাংবাদিক শাহজাহান আলী বিপাশ, একাউন্স অফিসার সুফিয়া খাতুন,অফিস সহকারী মেহেরুন নেছা।

এবার জুলাই-সেপ্টেম্বর মাসে স্কুল পর্যায়ের ২১ জন মেয়েকে জনপ্রতি ৯০০ টাকা এবং কলেজ পর্যায়ের ৩৪জন মেয়েকে জনপ্রতি ১২০০ টাকা প্রদান করা হয়। এর আগে সকালে বৃত্তিপ্রাপ্ত মেয়েদের নিয়ে দক্ষতামূলক প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়।

কর্মশালায় অংশ নেন কালীগঞ্জ উপজেলা মহিলা অধিদপ্তরের তথ্য আপা প্রিয়াংকা চক্রবর্তী, পাপিয়া পাল এবং শিরিন সুলতানা। তারা বৃত্তিপ্রাপ্ত মেয়েদের সরকারি বিভিন্ন সেবা সম্পর্কে অবহিত করেন।

একই সাথে বৃত্তিপ্রাপ্ত মেয়েদের সঞ্চয় করতে, খাদ্য ও পুষ্টি নিরাপত্তা রক্ষা, প্রাথমিক স্বাস্থ্য বিষয় এবং ইয়ুথ এগেইনষ্ট হাঙ্গার বিষয়ে আলোচনা করা হয়।

চুয়াডাঙ্গায় উলামা পরিষদের বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত

ফ্রান্স সরকার কর্তৃক বিশ^নবীর (স.) ব্যঙ্গচিত্র প্রকাশের

প্রতিবাদে বিক্ষোভ সমাবেশ করেছে চুয়াডাঙ্গা জেলা উলামা পরিষদ।

বুধবার বিকালে শহরের শহীদ হাসান চত্বরের মুক্তমঞ্চে এ সমাবেশ অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন জেলা উলামা পরিষদের উপদেষ্টা মাওলানা রুহুল আমীন।

সমাবেশে বক্তারা ফ্রান্স সরকারের কর্মকাণ্ডের সমালোচনা করে ফ্রান্সের সব ধরণের পণ্য বয়কট করার আহ্বান জানান।

প্রতিবাদ সমাবেশে বক্তব্য রাখেন সংগঠনের সভাপতি মুফতি জুনাইদ আল হাবীবী, সাধারণ সম্পাদক মুফতি মোস্তফা কামাল কাসেমী, উলামা পরিষদের নেতা মাওলানা রুহুল আমীন, মাওলানা হারুন অর রশীদ, মুফতি আজিজুল হক, মাওলানা হাফিজুর রহমান প্রমুখ।

ঝিনাইদহে মোস্তফা ইউপিভিসি ডোর কোম্পানীর শো-রুম উদ্বোধন

ঝিনাইদহ শহরের প্রাণকেন্দ্রে অগ্নিবীণা সড়কে মোস্তফা ইউপিভিসি ডোর কোম্পানীর শো-রুম উদ্বোধন করা হয়েছে।

বুধবার দুপুরে শহরের ব্র্যাক ব্যাংকের নিচে ফিতাকেটে এ শো-রুমের উদ্বোধন করা হয়। উদ্বোধন উপলক্ষে এক আলোচনা সভার আয়োজন করা হয়।

মেসার্স লাবন্য মোস্তফা ইউপিভিসি ডোর হাউজের ডিলার হানিফ খানের সভাপতিত্বে প্রধান অতিথির বক্তব্য রাখেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা বদরুদ্দোজা শুভ।

এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইউপিভিসি কোম্পানীর পরিচালক সেলিম মুন্সি, জোনাল ম্যানেজার পলাশ হোসেন, ঝিনাইদহ প্রেস ক্লাবের যুগ্ম সম্পাদক কে এম সালেহ, সেলস অফিসার সুমন হোসেনসহ, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ।

প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, সরকার সারাদেশের ন্যায় ঝিনাইদহে বিনিয়োগ ব্যবসায়ীদের উন্নয়ন সহায়তা কমিটি গঠন করেছে। তাই স্থানীয় ব্যবসায়ীদেরকে বিনিয়োগ নিয়ে আরো বেশি এগিয়ে যেতে হবে।

উদ্বোধন শেষে ব্যবসায়ের সফলতা কামনা করে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

ঝিনাইদহে পারিবারিক সহিংসতা ও বাল্য বিবাহ রোধে মতবিনিময় সভা

ঝিনাইদহে পারিবারিক সহিংসতা ও বাল্য বিবাহ প্রতিরোধে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার সকালে সদর উপজেলা পরিষদ অডিটরিয়ামে এ আয়োজন করা হয়।

এ সময় শিশু নিলয় ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক নাছিমা বেগমের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার মোঃ বদরুদ্দোজা শুভ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর থানা অফিসার ইনচার্জ মোহাম্মদ মিজানুর রহমান, মহিলা ভাইস চেয়ারম্যান আরতী দত্ত, ঝিনাইদহ প্রেস ক্লাবের সভাপতি এম রায়হান, মহারাজপুর ইউপি চেয়ারম্যান খুরশিদ আলম, শিশু নিলয় ফাউন্ডেশনের প্রোগ্রাম অফিসার মোয়াজ্জেম হোসেনসহ স্থানীয় ইউপি সদস্যবৃন্দ।

বক্তারা পারিবারিক সহিংসতা প্রতিরোধ প্রকল্পে সদর উপজেলার ১০ টি ইউনিয়নে পারিবারিক সহিংসতা ও বাল্য বিবাহ প্রতিরোধ বিষয়ে সচেতনতামূলক আলোচনা করেন।